

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা
www.bogura.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০২২.৩৫.০০৩১.২৬.৫০২


তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের প্রতিনিধিবৃন্দের সশ্রেণী ০৪ এপ্রিল ২০২৬ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক বগুড়া জেলার সকল উপজেলা ও জেলা শহরে অবস্থিত বিভিন্ন শপিংমল, মার্কেট, দোকান, বিলবোর্ড এবং চলমান/অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে নিম্নোক্ত শর্ত আরোপ করা হলো:

বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সন্ধ্যা ০৭.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে। বিলবোর্ডের বাতি আবশ্যিকভাবে সন্ধ্যা ০৭.০০ ঘটিকার মধ্যে বন্ধ করতে হবে। জেলার বিভিন্ন প্রান্তে চলমান এবং অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সন্ধ্যা ০৭.০০ ঘটিকার মধ্যে বন্ধ করতে হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। সকলকে উক্ত নির্দেশনা মেনে চলার জন্য বলা হলো। অন্যথায় এ আদেশ ভঙ্গকারী সংশ্লিষ্ট ব্যক্তি ও ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মোঃ তৌফিকুর রহমান)

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
বগুড়া

ফোন: ০২৫৮৯৯০০০২০ (অফিস)

ই-মেইল: dcbogura@mopa.gov.bd